

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৯২৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৭৬]

২৩। মুসাকাহ (পানি সেচের বিনিময়ে ফসলের একটি অংশ প্রদান) (كتاب المسافة)

পরিচ্ছেদঃ ১০. কুকুর হত্যার আদেশ ও তা রহিত হওয়ার বর্ণনা এবং শিকার করা অথবা ক্ষেত পাহারা বা জীবজন্তু পাহারা বা এ জাতীয় কোন কাজের উদ্দেশে ব্যতীত কুকুর পালন করা হারাম হওয়ার বর্ণনা

بَابُ الْأَمْرِ بِقَتْلِ الْكِلَابِ وَبَيَانِ نَسْخِهِ وَبَيَانِ تَحْرِيمِ اقْتِنَائِهَا إِلَّا لِصَيْدٍ أَوْ زَرْعٍ أَوْ مَاشِيَةً وَنَحْوِ  
ذَلِكَ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ عَنْ يَزِيدَ بْنِ خُصِيفَةَ، أَنَّ السَّائِبَ، بْنَ يَزِيدَ  
أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ سُفِيَّانَ بْنَ أَبِي زُهَيرٍ، - وَهُوَ رَجُلٌ مِنْ شَنْوَةَ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ  
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ "مَنْ  
اقْتَنَى كَلْبًا لَا يُغْنِي عَنْهُ زَرْعًا وَلَا ضَرْعًا نَقَصَ مِنْ عَمَلِهِ كُلُّ يَوْمٍ قِيرَاطٌ". قَالَ أَنْتَ  
سَمِعْتَ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِي وَرَبِّ هَذَا الْمَسْجِدِ .

বাংলা

৩৯২৮-(৬১/১৫৭৬) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... সুফইয়ান ইবনু যুহায়র (রাযঃ) হতে বর্ণিত। তিনি ছিলেন শানুআহ গোত্রের লোক রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী। তিনি বলেনঃ আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, যে ব্যক্তি এমন কুকুর পালন করবে যা তার ক্ষেতের বা জীবজন্তু পাহারার কাজে ব্যতীত হয়, তবে প্রতিদিন তার নেক 'আমল থেকে এক কীরাত পরিমাণ করতে থাকে। রাবী বললেনঃ আপনি কি এ কথা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর থেকে শুনেছেন? তিনি বললেন, হ্যাঁ, এ মসজিদের প্রভুর শপথ। (ইসলামিক ফাউন্ডেশন ৩৮৯১, ইসলামিক সেন্টার ৩৮৯০)

## English

Sufyan b. Abu Zuhair (he was a person belonging to the tribe of Shanu'a and was amongst the Companions of Allah's Messenger [may peace be upon him] ) said:

I heard Messenger of Allah (ﷺ) as saying: He who kept a dog (other than that) which is indispensable for watching the field or the animals would lose

one qirat out of his deeds every day. As-Sa'ib b Yazid (one of the narrators) said: Did you hear it from Allah's Messenger (

ﷺ

)? He said: Yes. by the Lord of this mosque.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সুফইয়ান ইবনু আবু যুহায়র (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=51011>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন